গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ১৪.০৭.২০২৪ খ্রি.

# ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০২০-২০২১, ২০১৯-২০২০ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং **২০১৬-২০১৭ ও** ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ **F** গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে অনলাইন আবেদনকৃত ফরম ডাউনলোড করে **"ই-শিক্ষার"** মাধ্যমে টাকা জমাদান পূর্বক নিম্নবর্ণিত সময়সূচি অনুসারে নিজ নিজ বিভাগে জমা দিতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ২য় বর্ষ পরীক্ষা বিষয়ক ওয়েবসাইট:**
(http://ems.nu.ac.bd/student login)

০১। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

## নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল শিক্ষার্থী যারা ২০২২ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- ২০২০-২০২১, ২০১৯-২০২০ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২২ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধু তারাই ২০২৩ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষার দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ০২ টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

## গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ২০২২ সালের অনার্স ২য় বর্ষে যেসকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে ঐসকল শিক্ষার্থী শুধুমাত্র "C"বা "D" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে (সর্বোচ্চ ২ টি কোর্সে) গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড রয়েছে তারা ২০২৩ সালের পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে অংশগ্রহণ করতে পারবে।
- সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই নূন্যতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীর্তে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

❖ ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব শিক্ষার্থী C-Promoted হয়েছে তাদেরকে অনুপস্থিত পত্রে ২০২৩ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। **এক্ষেত্রে পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করতে হবে।**

- **২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।**

❖ ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

## ২। পাঠ্যসূচিঃ

❖ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

## ৩। আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ

- শিক্ষার্থীকে নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student login) থেকে আবেদন ফরম ও সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) যথাযথভাবে পূরণ করে তা ডাউনলোড করে যথাস্থানে স্বাক্ষর ও তারিখ দিয়ে স্ব স্ব বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ জমা দিবে।
- আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে **কলেজ কর্তৃক নিশ্চায়নের পূর্বে** কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম ডাউনলোড করতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি এবং নির্ধারিত ফি জমাদানের **(ই-শিক্ষার মাধ্যমে) স্লিপ জমা দিতে হবে।**
- অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে রেজিস্ট্রেশন কার্ডের সাথে পূর্ববর্তী পরীক্ষার প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি ফরমের সাথে সংযুক্ত করে বিভাগে জমা দিতে হবে
- আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (এক) কপি ছবি (পিছনে রেজি নম্বর লিখে) সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**বিঃদ্রঃ সর্তকর্তার সাথে বিষয় কোড নির্বাচন করতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

**ফরম পূরণ ফি প্রদানের পদ্ধতি**

**১। ক) নিয়মিত/অনিয়মিত (সকল পত্র) শিক্ষার্থীরা সরাসরি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত টাকা HON'S রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে জমা দিয়ে মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরমপূরণের ওয়েবসাইট** **http://mccollege.eshiksaems.com -** এ গিয়ে **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে **Login** করে **Pay slip** প্রিন্ট করতে হবে।

**খ) অনিয়মিত, মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (এক বা একাধিক কোর্স) পরীক্ষার্থীরা মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরম পূরণের ওয়েবসাইট** **http://mccollege.eshiksaems.com-** এ গিয়ে **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে **Login** করে **Improvement Form Fillup** এ ক্লিক করতে হবে। এরপর **HON'S** রেজিস্ট্রেশন নম্বর দিয়ে **View charge and course detail** ক্লিক করে বিষয় সিলেক্ট করে **Submit** করলে টাকার পরিমাণসহ ফরম পূরণের ফরম আসবে। এরপর শিক্ষার্থীরা বিকাশ/রকেট/সোনালী সেবা-এ নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীর মোবাইল নম্বরে কলেজ রেজিস্ট্রেশনসহ ফরম পূরণের **SMS** আসবে। এরপর **Receipts Print** অপশনে গিয়ে **Pay slip** প্রিন্ট করতে হবে।

## ফরম পূরণ, ফি প্রদান, ও ফরম জমাদানের সময়সূচিঃ

নিম্নলিখিত সময়সূচি অনুসারে **ই-শিক্ষার** মাধ্যমে ফি পরিশোধ করে পূরণকৃত ফরম নিজ নিজ বিভাগে নির্ধারিত সময়ে জমা দিতে হবে।

| অনার্স বিষয় (সকল) | পূরণকৃত ফরম জমা দানের তারিখ (সকাল ১১.০০ টা- অপরাহ্ন ৩.০০ টা) | পূরণকৃত ফরম বিভাগ নিশ্চায়ন করে বিভাগে সংরক্ষণের তারিখ |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন , সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, রসায়নবিদ্যা, পরিসংখ্যান, মনোবিজ্ঞান, গণিত | **নিয়মিত পরীক্ষার্থী- ১৫.০৭.২০২৪ হতে ৩০.০৭.২০২৪**<br>**অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থী- ২১.০৭.২০২৪ হতে ৩১.০৭.২০২৪** | **বিবরনী ও অন্যান্য কাগজপত্র ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংরক্ষণ করবেন।** |

**বি:দ্র: অনলাইনে ডাটা এন্ট্রি করার সুবিধার্থে নির্ধারিত তারিখের পূর্বেই আবেদন ফরম পূরণ করে জমা করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ করা হলো।**

### ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের প্রদেয় ফি (টাকায়):

| অনার্স বিষয় | | জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত | | | | কলেজে প্রদেয় সেশন ফি: | | | মোট প্রদেয় ফি: | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | কেন্দ্র ফি | ব্যবস্থাপনা ফি | ইনকোর্স ফি | ব্যবহারিক কেন্দ্র ফি | প্রস্তুতিমূলক পরীক্ষা | মুসলিম পরীক্ষার্থী | অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী | মুসলিম পরীক্ষার্থী | অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী |
| বাংলা | | ১৮৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | - | ৩৪০ | ২৬১৫ | ২৬২০ | ৫৫০৫ | ৫৫১০ |
| ইংরেজি | | ১৬০০ | ৪৫০ | ৫০ | ২০০ | - | ৩০০ | ২৬১৫ | ২৬২০ | ৫২১৫ | ৫২২০ |
| ইতিহাস, ইস.ইতিহাস | | ১৮৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | - | ৩৪০ | ২৬১৫ | ২৬২০ | ৫৫০৫ | ৫৫১০ |
| দর্শন | | ১৮৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | - | ৩৪০ | ২৬১৫ | ২৬২০ | ৫৫০৫ | ৫৫১০ |
| রাষ্ট্রবিজ্ঞান,সমাজবিজ্ঞান, | | ১৮৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | - | ৩৪০ | ২৬১৫ | ২৬২০ | ৫৫০৫ | ৫৫১০ |
| অর্থনীতি | | ১৮৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | - | ৩৪০ | ২৬১৫ | ২৬২০ | ৫৫০৫ | ৫৫১০ |
| পদার্থবিদ্যা | (রসায়ন গ্রুপ) | ২৩০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৪৫০ | ৩৩০ | ২৭১৫ | ২৭২০ | ৬৪৯৫ | ৬৫০০ |
| | (পরিসংখ্যান গ্রুপ) | ২৩৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৪৫০ | ৩৩০ | ২৭১৫ | ২৭২০ | ৬৫৪৫ | ৬৫৫০ |
| রসায়ন | | ২৩৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৪৫০ | ২৯০ | ২৭১৫ | ২৭২০ | ৬৫০৫ | ৬৫১০ |
| উদ্ভিদবিদ্যা | | ২৩০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৩০০ | ৩৩০ | ২৭১৫ | ২৭২০ | ৬৩৪৫ | ৬৩৫০ |
| প্রাণিবিদ্যা | | ২৩০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৩০০ | ৩৩০ | ২৭১৫ | ২৭২০ | ৬৩৪৫ | ৬৩৫০ |
| মনোবিজ্ঞান (বিজ্ঞান) | | ২১০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ১৫০ | ৩৪০ | ২৭১৫ | ২৭২০ | ৬০০৫ | ৬০১০ |
| মনোবিজ্ঞান (মানবিক) | | ২১০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ১৫০ | ৩৪০ | ২৬১৫ | ২৬২০ | ৫৯০৫ | ৫৯১০ |
| পরিসংখ্যান | | ২৫৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৪৫০ | ৩৭০ | ২৭১৫ | ২৭২০ | ৬৭৮৫ | ৬৭৯০ |
| গণিত | (পদার্থ, রসায়ন গ্রুপ) | ২৩০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৩০০ | ৩৩০ | ২৭১৫ | ২৭২০ | ৬৩৪৫ | ৬৩৫০ |
| | (রসায়ন, পরিসংখ্যান গ্রুপ) | ২৩০০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৩০০ | ৩৩০ | ২৭১৫ | ২৭২০ | ৬৩৪৫ | ৬৩৫০ |
| | (পদার্থ, পরিসংখ্যান গ্রুপ) | ২৩৫০ | ৪৫০ | ৫০ | ২০০ | ৪৫০ | ৩৩০ | ২৭১৫ | ২৭২০ | ৬৫৪৫ | ৬৫৫০ |

বি.দ্র: যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের পরীক্ষার ফরম পূরণ করেনি বা পরীক্ষা দিয়ে অকৃতকার্য হয়েছে তাদের ক্ষেত্রে পুন:ভর্তি সাপেক্ষে ফরম পূরণ করতে হবে।

## ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের প্রদেয় ফি:

| পত্র সংখ্যা | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি | মোট ফি |
|---|---|---|
| এক পত্র | ২৫০×০১=২৫০+৩০০+৪৫০+৫০ | ১০৫০/- |
| দুই পত্র | ২৫০ × ২=৫০০+৩০০+৪৫০+৫০ | ১৩০০/- |
| তিন পত্র | ২৫০ × ৩=৭৫০+৩০০+৪৫০+৫০ | ১৫৫০/- |
| চার পত্র | ২৫০ × ৪=১০০০+৩০০+৪৫০+৫০ | ১৮০০/- |
| পাঁচ পত্র | ২৫০ × ৫=১২৫০+৩০০+৪৫০+৫০ | ২০৫০/- |

**** C-Promoted শিক্ষার্থী অন্যান্য ফি এর সাথে বিশেষ অর্ন্তভুক্তি ফি ১০০০/- জমা দিতে হবে।**

**** ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি এর সাথে কলেজ প্রদেয় ফি ৫০০/- সহ মোট ৫৫০০/- টাকা জমা দিতে হবে।**

****কোন পরীক্ষার্থীর অর্ধপত্র থাকলে প্রতি অর্ধপত্রের জন্য ২০০/- হারে অতিরিক্ত ফি জমা দিতে হবে।**

## বিভাগ সমূহের জন্য নির্দেশনা:

প্রত্যেক বিভাগীয় প্রধানকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ও কলেজের প্রদেয় ফিসহ মোট টাকা আদায়ের পরিমান নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উপর্যুক্ত নির্দেশাবলী এবং বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক সঠিকভাবে আবেদন ফরম পূরণ কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৪/৭/২০২৩

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

C:\Users\mc\Desktop\H2 Form Fill up 2023 1.DOC